গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯. (অংশ-৩) ১২৪৭৬ তারিখ : ২৬/০৬/২০২৪

বিষয় : জাতীয় মহিলা সংস্থার ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩.১.১ সূচকের অধীন সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে ইতোপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবা সমূহ নিয়ে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩.১.১ সূচকের অধীন জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে ইতোপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবা সমূহ নিয়ে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন ও পুরস্কৃত করার লক্ষ্যে ০৯/০৬/২০২৪ তারিখ প্রধান কার্যালয়ের ৫ম তলায় অবস্থিত কনফারেন্স রুমে বেলা ১১.০০ ঘটিকায় শোকেসিং কর্মশালা অনুষ্ঠান আয়োজনের আয়োজন করা হয়।

উক্ত শোকেসিং অনুষ্ঠানের প্রতিবেদন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রেরণ করা হলো।

সংযুক্তি : শোকেসিং প্রতিবেদন - ৫ ফর্দ।

২০/৬/২৪
(সায়রা পারভীন)
উপপরিচালক (উপসচিব)
জাতীয় মহিলা সংস্থা।

অতিরিক্ত সচিব (প্রশাসন)
চীফ ইনোভেশন অফিসার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

(দৃষ্টি আকর্ষণ : উপসচিব (অতিরিক্ত দায়িত্ব) আইসিটি শাখা,
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা)।


**সদয় অবগতির জন্য অনুলিপি :**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। নির্বাহী পরিচালক/পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় মহিলা সংস্থা।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

## জাতীয় মহিলা সংস্থার ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩.১.১ সূচকের অধীন সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে ইতোপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবা সমূহ নিয়ে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) প্রতিবেদন।

মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ৩.১.১ এর অধীন জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে ইতোপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবা সমূহ নিয়ে ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন ও পুরস্কৃত করার লক্ষ্যে ০৯/০৬/২০২৪ তারিখ প্রধান কার্যালয়ের ৫ম তলায় অবস্থিত কনফারেন্স রুমে বেলা ১১.০০ ঘটিকায় শোকেসিং কর্মশালা অনুষ্ঠান আয়োজনের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে **Zoom Planform** এর মাধ্যেমে সংযুক্ত ছিলেন সংস্থার মাননীয় চেয়ারম্যান জনাব চেমন আরা তৈয়ব (সাবেক সংসদ সদস্য) এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. রওশন আরা বেগম, অতিরিক্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং শাহনাজ বেগম নীনা, প্রকল্প পরিচালক (যুগ্ম সচিব), তথ্য আপা : ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প। সভাপতিত্ব করেছেন সংস্থার নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব) জনাব শাহানা সারমিন।






কর্মশালায় জাতীয় মহিলা সংস্থার প্রধান কার্যালয়ের মাধ্যমে ইতোপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত নিম্নোক্ত সেবা সমূহ নিয়ে ইনোভেশন প্রদর্শন (শোকেসিং) করা হয় :

| ক্রমিক নম্বর | সংস্থায় ইতোপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবা সমূহের শিরোনাম | অনুষ্ঠানে অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী |
|---|---|---|
| ০১। | জাতীয় মহিলা সংস্থা পরিচালিত শহীদ আইভি রহমান কর্মজীবি মহিলা হোস্টেলের সীট বরাদ্দসহ হোস্টেল ম্যানেজমেন্ট সিস্টেম অনলাইনে বাস্তবায়ন | উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা) মাছুমা বেগম মূল্যায়ন কর্মকর্তা |
| ২। | জাতীয় মহিলা সংস্থার ৬৪টি জেলা ও ৫০ উপজেলা শাখার সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ভাতা প্রশিক্ষণার্থীদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান ; | উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা) মাছুমা বেগম মূল্যায়ন কর্মকর্তা |

| ক্রমিক নম্বর | সংস্থায় ইতোপূর্বে উদ্ভাবিত/সহজিকৃত/ডিজিটাইজকৃত সেবা সমূহের শিরোনাম | অনুষ্ঠানে অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী |
|---|---|---|
| ৩। | 'সংস্থার প্রধান কার্যালয়ের নারী নির্যাতন প্রতিরোধ সেলের সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি সহজিকরণ; | উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা)<br>পংকজ কুমার দাস<br>মাঠ সমন্বয়কারী |
| ৪। | সংস্থার মাঠ পর্যায়ে বাস্তবায়িত ''মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ প্রাপ্তি'' সেবাটিকে সহজিকরণ ; | উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা)<br>নীহার বেগম<br>প্রশাসনিক কর্মকর্তা |
| ৫। | জেলা ও উপজেলা পর্যায়ে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণের সার্টিফিকেট প্রদান সহজিকরণ ; | উপপরিচালক (প্রকল্প ও প্রকাশনা)<br>আনন্দ তংচংগ্যা<br>জেলা কর্মকর্তা<br>(সংযুক্ত প্রধান কার্যালয়) |



প্রদর্শনকৃত সেবাসমূহ পরিদর্শন করছেন প্রতিনিধি দল



সেবাসমূহ উপস্থাপন করছেন সংস্থার কর্মকর্তা



সেবাসমূহ উপস্থাপন করছেন সংস্থার কর্মকর্তা



প্রদর্শনকৃত সেবাসমূহ পরিদর্শন করছেন প্রতিনিধি দল

উপরে বর্ণিত উদ্ভাবনী উদ্যোগের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ইনোভেশন উদ্যোগের শিরোনাম, সমস্যার বিবৃতি, সমাধানের উপায়, পূর্বের এবং বর্তমান প্রসেসম্যাপ, টিসিভি বিশ্লেষণ, ফলাফলসহ প্রেজেন্টেশন উপস্থাপন করেন।

প্রতিটি সেবার সমস্যার বিবৃতি, সমাধানের উপায়, পূর্বের প্রসেসম্যাপ, বর্তমান প্রসেসম্যাপ, টিসিভি বিশ্লেষণ এবং ফলাফলসহ যাচাই করেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি, জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধিগণ এবং সংস্থা পরিচালিত তথ্য আপা: প্রকল্পের প্রকল্প পরিচালক ''জাতীয় মহিলা সংস্থার ৬৪টি জেলা ও ৫০ উপজেলা শাখার সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ভাতা প্রশিক্ষণার্থীদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান ;'' সেবাটিকে শ্রেষ্ঠ সেবা হিসেবে ঘোষণা করেন।

শ্রেষ্ঠ ঘোষিত সেবাটির বর্ণনা, প্রসেস ম্যাপ ও টিসিভি বিশ্লেষণ নিম্নরূপ :


**সেবার শিরোনাম :** জাতীয় মহিলা সংস্থার ৬৪টি জেলা ও ৫০ উপজেলা শাখার সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ভাতা প্রশিক্ষণার্থীদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান ।

**সেবার সংক্ষিপ্ত বিবরণ :** সেবাটি সহজিকরণের পূর্বে সংস্থার ৬৪টি জেলা ও ৫০ উপজেলা শাখার সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ভাতা সংস্থার অফিস পরিচালনার বাজেটের সাথে সংস্থার ৬৪ জেলা ও ৫০ উপজেলায় প্রেরণ করা হতো। সংস্থার জেলা ও উপজেলায় বাজেট প্রাপ্তির পর উক্ত বাজেট জেলা ও উপজেলার কর্তৃপক্ষের অনুমোদন পূর্বক নগদে ভাতার অর্থ প্রদান করা হতো। এক্ষেত্রে প্রশিক্ষণার্থীগণ তাদের ভাতার অর্থ হাতে পেতে বিলম্ব হতো কখনো কখনো অনিয়ম হতো।

সেবাটি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে বাস্তবায়নের পূর্বের প্রসেস ম্যাপ  বর্তমান প্রসেসম্যাপ নিম্নরূপ :

## পূর্বের প্রসেস ম্যাপ

[ সেবার নাম: সংস্থার জেলা ও উপজেলায় প্রশিক্ষণ ভাতা প্রদান]



# বর্তমান প্রসেস ম্যাপ

শুরু

↓

৪ মাস মেয়াদী প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদের হাজিরা খাতা যাচাই দিন — T : ১ দিন

↓

হাজিরা যাচাই পূর্বক উপস্থিতি অনুযায়ী ভাতার হিসাব করা, প্রশিক্ষণার্থীদের মোবাইল নম্বর ও এনআইডি যাচাই করে কর্মকর্তার স্বাক্ষরিত কপি ই-মেইলে প্রধান কার্যালয়ে প্রেরণ দিন — T : ১ দিন

↓

প্রধান কার্যালয় ,প্রাপ্ত ই-মেইল হতে জেলা ও উপজেলার হাজিরা ডাউনলোড করে প্রিন্ট — T : ১ দিন

↓

প্রশিক্ষণার্থীদের হাজিরা ভাতা প্রদানের জন্য ফাইল উপস্থাপন — T : ১ দিন

↓

প্রশিক্ষণার্থীদের হাজিরা ভাতা প্রদানের ফাইল এবং চেক অনুমোদন — T : ১ দিন

↓

মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠনকে অনুমোদিত হাজিরা সীট এবং চেক প্রদান — T : ১ দিন

↓

মোবাইল ব্যাংকিং প্রতিষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণাথীদের ভাতা প্রদান -১ — T : ১ দিন

↓

শেষ

T – ৭ দিন
C – ০
V – ০ দিন

## TCV –বিশ্লেষণ

| | সময় | খরচ | যাতায়াত |
|---|---|---|---|
| সেবা সহজীকরণের আগে | ৯ দিন | ২০০/- | ১ বার |
| সেবা সহজীকরণের পরে | ৭ দিন | ০/- | ০ বার |
| সেবা সহজীকরণের ফলে সেবা গ্রহীতাদের প্রত্যঅশিত ফলাফল | ২ দিন সময় বাঁচলো | কোন খরচ হবে না | যাতায়াত করতে হবেনা |
| সর্বোপরি সেবা গ্রহীতাগণ তাদের প্রশিক্ষণের ভাতার অর্থ সরাসরি নিজের হাতে পেতে সক্ষম হচ্ছে। | | | |

একইসাথে প্রতিনিধি দল প্রতিটি সেবাই যেন সঠিকভাবে বাস্তবায়ন হয় সেদিকে জোর তাগিদ পোষণ করেন এবং ভবিষ্যতে জাতীয় মহিলা সংস্থার কার্যক্রমকে আরও সহজিকরণের লক্ষ্যে নতুন নতুন উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন।

২৩/১/২৪

(শাহানা সারমিন)
নির্বাহী পরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় মহিলা সংস্থা
ফোন : ০২- ২২২২২৩৪১